গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

**পানি সম্পদ মন্ত্রণালয়ের সেপ্টেম্বর ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোকাব্বির হোসেন<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ০৭ অক্টোবর ২০২৫ |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

**সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:**

| নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | গত সমন্বয় সভার কার্যবিবরণী অনুমোদন। | সভায় আগস্ট ২০২৫ মাসের কার্যবিবরণীতে কোন সংশোধনী থাকলে উপস্থাপনের অনুরোধ করা হয়। কোন সংশোধনী প্রস্তাব না থাকায় আগস্ট ২০২৫ মাসের কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হ'ল। | প্রশাসন-০২ শাখা, পাসম। |
| ২. | জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি। | সভায় জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। বান্দরবান জেলার রোয়াংছড়ি উপজেলার তারাছা খালে উপর রাবার ড্যাম নির্মাণ কার্যক্রম এর সর্বশেষ অগ্রগতি সহ অন্যান্য চলমান প্রকল্প/ইস্যুর সর্বশেষ প্রকৃত অগ্রগতির বিষয়ে আলোচনা করা হয়। | জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। বান্দরবান জেলার রোয়াং ছড়ি উপজেলার তারাছা খালে উপর রাবার ড্যাম নির্মাণ করা সম্ভব না হলে বিকল্প করণীয় কি তা লিখিতভাবে জানাতে হবে। তাছাড়া প্রতিটি প্রকল্প/ইস্যুর সর্বশেষ প্রকৃত অগ্রগতির তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), মহাপরিচালক, বাপাউবো, উপসচিব (পরিবীক্ষণ ও বাস্তবায়ন শাখা)। |
| ৩. | সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি। | সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনার হালনাগাদ অগ্রগতি প্রতিবেদন প্রেরণ এবং প্রাপ্ত রিপোর্ট যাচাই-বাছাই করে পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। | সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনার হালনাগাদ অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে প্রেরণ করতে হবে এবং প্রাপ্ত রিপোর্ট যাচাই-বাছাই করে পরবর্তী সভায় পয়েন্ট আকারে উপস্থাপন করতে হবে। | যুগ্মসচিব (রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ ইউনিট) ও সকল সংস্থা প্রধান। |
| ৪. | মন্ত্রণালয়ের বার্ষিক কার্য সম্পাদন চুক্তি। | মন্ত্রিপরিষদ বিভাগের পরবর্তী নির্দেশনা অনুযায়ী এ মন্ত্রণালয়ের Governance Performance Monitoring System (GPMS) এর কার্যক্রম গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগের পরবর্তী নির্দেশনা অনুযায়ী এ মন্ত্রণালয়ের Governance Performance Monitoring System (GPMS) এর অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | GPMS ফোকাল পয়েন্ট কর্মকর্তা, RM&PR পাসম ও সকল সংস্থা প্রধান। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) ও ডেল্টা প্ল্যান (Delta Plan-2100) এর বাস্তবায়ন অগ্রগতি। | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) ও ডেল্টা প্ল্যান-২১০০ (Delta Plan-2100) বাস্তবায়ন অগ্রগতি এবং আন্ত:সীমান্তভুক্ত নদীসমূহের চুক্তি সম্পর্কে সভায় আলোচনা করা হয়। | ক) টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) ও ডেল্টা প্ল্যান (Delta Plan-2100) এর সাথে এ মন্ত্রণালয়ের সম্পৃক্ত কার্যক্রমসমূহ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>খ) যৌথ নদী কমিশন কর্তৃক আন্ত:সীমান্তভুক্ত নদীসমূহের চুক্তির অগ্রগতির বিষয়ে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা (SDG & Delta plan-2100), বাপাউবো ও সদস্য, জেআরসি। |
| ৬. | মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণ, ডি-ফাইলিং, প্রকল্পের তথ্য ওয়েবসাইটে প্রকাশ এবং অন্যান্য আইসিটি বিষয়ক কার্যক্রম। | (ক) সভায় মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ডি-নথির সম্পাদিত কার্যক্রম নিয়ে আলোচনা হয়।<br>(খ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডসহ সকল সংস্থার ওয়েবসাইটে প্রদর্শিত প্রকল্প এবং অপরাপর উল্লেখযোগ্য তথ্যের সঠিকতা নিশ্চিতকরণ ও সাইবার হুমকি মোকাবেলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে আলোচনা করা হয়।<br>(গ) Report Management System (RMS) এর কার্যক্রম নিয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) সেপ্টেম্বর ২০২৫ মাসে পানি সম্পদ মন্ত্রণালয়ের সকল শাখার ডি-নথিতে নিষ্পত্তির হার ১০০%, যা অব্যাহত রাখতে হবে। সংস্থাসমূহের ডি-নথির কার্যক্রম বৃদ্ধি করতে হবে এবং অগ্রগতির তুলনামূলক চিত্র প্রতি সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) সংস্থাসমূহের ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য নিয়মিত হালনাগাদ করা হচ্ছে কী-না তা System Analyst চিহ্নিত করবেন এবং হালনাগাদকরণ নিশ্চিত করবেন। গৃহীত কার্যক্রম পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করবেন।<br>(গ) Report Management System (RMS) এর মাধ্যমে যে সকল Report প্রদানের বাধ্যবাধকতা রয়েছে সকল সংস্থা তা নিয়মিতভাবে প্রেরণ নিশ্চিত করবেন। | সকল সংস্থা প্রধান/অনুবিভাগ/অধিশাখা/শাখা (সকল), পাসম। |
| ৭. | সংস্থাসমূহের শূন্য পদ সংক্রান্ত তথ্য, শূন্য পদ পূরণ ও মাসিক সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ। | মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের শূন্য পদে নিয়োগ কার্যক্রম আইন ও বিধি অনুসারে দ্রুত সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। | পানি সম্পদ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের শূন্য পদে আইন ও বিধিমালা অনুযায়ী দ্রুত নিয়োগ সম্পন্ন করতে হবে। | সকল সংস্থা প্রধান ও প্রশাসন-২ শাখা, পাসম। |
| ৮. | উন্নয়ন প্রকল্প ও আপদকালীন কার্যক্রম পরিদর্শন। | যে সকল জায়গায় আপদকালীন জরুরি কাজ প্রয়োজন, তা যথাদ্রুত বাস্তবায়ন করা এবং এক্ষেত্রে 'জরুরি আদেশ' জারির পূর্বে যথাযথভাবে যাচাই-বাছাই করাসহ নিয়মিত তদারকি করার বিষয়ে আলোচনা করা হয়। | সকল আপদকালীন/জরুরি কাজের গুণগত মান নিশ্চিতসহ PPA-2025(Revised) এবং PPR-2025 যথারীতি প্রতিপালন করতে হবে। | মহাপরিচালক, বাপাউবো ও যুগ্মসচিব, বাজেট। |
| ৯. | হাওর অঞ্চল সুরক্ষা। | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের ঢাকার বাহিরের অফিস পরিচালনা ও আইন প্রণয়ন নিয়ে আলোচনা করা হয়। | (ক) সুনামগঞ্জ ও কিশোরগঞ্জ জেলায় বাহাওজউঅ নিজস্ব সেটআপ অনুযায়ী দ্রুত কার্যক্রম শুরু করবে।<br>(খ) অপরাপর জেলায় বাহাওজউঅ এর জ্যেষ্ঠ পরিচালকের সমন্বয়ে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসন ও পানি উন্নয়ন বোর্ড/ওয়ারপোর সহায়তায় হাওর ও জলাভূমি বিষয়ক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করবেন। এরূপ কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট জেলা প্রশাসক, মহাপরিচালক, বাপাউবো এবং ওয়ারপোকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য অনুরোধ করা হয়। | বাপাউবো, বাহাওজউঅ, ওয়ারপো এবং জেলা প্রশাসক, সুনামগঞ্জ/কিশোরগঞ্জ/ নেত্রকোনা/সিলেট/ মৌলভীবাজার/ হবিগঞ্জ/ ব্রাহ্মণবাড়িয়া ও প্রশাসন-১ শাখা, পাসম |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০. | অডিট | গত মাসের অগ্রগতি প্রতিবেদন পাওয়া যায়নি। সভায় অডিট আপত্তির সংখ্যা এবং কতগুলোর জবাব প্রদান করা হয়েছে তার বিস্তারিত তথ্য সংগ্রহ করে পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। | অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির স্বার্থে অনিষ্পত্তিকৃত কতগুলো অডিট আপত্তি জবাব প্রদান করা হয়েছে তার বিস্তারিত তথ্য সংগ্রহ করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মসচিব (বাজেট ও অডিট) এবং সকল সংস্থা। |
| ১১. | সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্য | সভায় সংস্থাসমূহের বিভাগীয় মামলা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | সংস্থাসমূহের অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার হালনাগাদকৃত তথ্য ছক আকারে মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | সকল সংস্থা প্রধান এবং আইন শাখা, পাসম। |
| ১২. | সংস্থাসমূহের মামলা সংক্রান্ত। | সভায় মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের মামলা সংক্রান্ত বিস্তারিত তথ্য উপস্থাপন করা হয়। সভায় প্রতিমাসের সমন্বয় সভায় পূর্ববর্তী মাসের মামলার সংখ্যা, নতুন মামলা, মামলার ধরণ, নিষ্পত্তির সংখ্যার সাথে প্রতিবেদনাধীন মাসের তুলনামূলক চিত্র উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়। | (ক) প্রতিমাসের সমন্বয় সভায় পূর্ববর্তী মাসের মামলার সংখ্যা, নতুন মামলা, মামলার ধরণ, নিষ্পত্তির সংখ্যার সাথে প্রতিবেদনাধীন মাসের তুলনামূলক চিত্র উপস্থাপন করতে হবে। পাশাপাশি সেগুলো কতদিন ধরে পেন্ডিং তা ছক আকারে উপস্থাপন করতে হবে।<br>(খ) মামলা **নিষ্পত্তির** বিষয়ে **মন্ত্রিপরিষদ বিভাগের ২৬-০৮-২০২৫ তারিখের ১৯৬ নং স্মারকে উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলা পরিচালনা পরিবীক্ষণ কমিটি'র ৯ম** সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের আলোকে কার্যকর ব্যবস্থা নিতে হবে।<br>গ) যে সকল সংস্থার প্যানেল আইনজীবী রয়েছে তাদের কে নিয়ে প্রতি মাসে মামলা সংক্রান্ত অগ্রগতি পর্যালোচনা সভা করতে হবে।<br>ঘ) সংস্থা প্রধানগণ চলমান মামলাগুলো নিয়ে নিবিড় তত্ত্বাবধানের পাশাপাশি Writ এবং Injunction এর ব্যাপারে যথাযথ ও দ্রুত পদক্ষেপ গ্রহণ করবেন। | সকল সংস্থা প্রধান এবং আইন শাখা, পাসম। |
| ১৩. | উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর বিধি মোতাবেক প্রকল্পের ইকুপমেন্ট/গাড়ী ব্যবহার/হস্তান্তর। | উন্নয়ন প্রকল্পের আওতায় ক্রয়কৃত গাড়ী TO&E ভুক্ত করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য সভায় আলোচনা করা হয়। | উন্নয়ন প্রকল্পের আওতায় ক্রয়কৃত গাড়ীগুলোকে TO&E ভুক্ত করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | সকল সংস্থা প্রধান এবং উন্নয়ন ও পরিকল্পনা উইং, প্রশাসন-১ শাখা পাসম। |
| ১৪. | **পানি সম্পদ মন্ত্রণালয়ের ম্যান্ডেট হালনাগাদকরণ সংক্রান্ত।** | পানি সম্পদ মন্ত্রণালয়ের সংস্থাসমূহের ম্যান্ডেটসমূহ হালনাগাদকরণের উদ্যোগ গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | পানি সম্পদ মন্ত্রণালয়ের সংস্থাসমূহের ম্যান্ডেটসমূহ হালনাগাদকরণের কার্যক্রমের অগ্রগতি RM&PR ইউনিট পরবর্তী সভায় উপস্থাপন করবে। | RM&PR ইউনিট ও প্রশাসন-২ শাখা পাসম। |
| ১৫. | বিবিধ | | | |
| | (ক) বিদ্যুৎ ও এসি ব্যবহারসহ সর্বস্তরে অপচয় রোধ। | সভায় বিদ্যুৎ ও এসি ব্যবহার এবং সর্বস্তরে অপচয় রোধ নিয়ে আলোচনা হয়। | বিদ্যুৎ ও এসি ব্যবহারে মন্ত্রণালয়সহ সকল সংস্থাকে অধিকতর সাশ্রয়ী হতে হবে ও শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের (এসি) তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা এর ওপর রাখতে হবে এবং তুলনামূলক বিদ্যুৎ সাশ্রয়ের প্রমাণক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে এবং অন্যান্য সকল ক্ষেত্রে অপচয় রোধ করতে হবে। | সংস্থা প্রধান (সকল) ও প্রশাসন-৩ শাখা, পাসম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | (খ) সংস্থাসমূহের জমি সংক্রান্ত তথ্য। | **সভায় বাপাউবো'র জেলা ভিত্তিক জমির তথ্য সংক্রান্ত ডাটাবেস তৈরি, অবৈধ দখল, অবৈধ দখল উচ্ছেদ ও নামজারি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।** | i. প্রতিমাসের সমন্বয় সভায় বাপাউবো'র জেলা ভিত্তিক ব্যবহৃত/অব্যবহৃত জমির তথ্য, অবৈধ দখল এবং অবৈধ দখল উচ্ছেদ সংক্রান্ত হালনাগাদ তথ্য উপস্থাপন করতে হবে। যে সকল জমি বেদখল আছে এবং ভবিষ্যতেও কোন প্রয়োজন হবে না সেগুলো তালিকা করে সংশ্লিষ্ট জেলা প্রশাসককে Resume করার জন্য পত্র দিতে হবে।<br>ii. ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে জেলা থেকে প্রস্তাব আসার পর প্রয়োজনে মন্ত্রণালয় ও সংস্থার সমন্বয়ে টিম প্রেরণ করতে হবে; যেন প্রয়োজনের অতিরিক্ত জমি অধিগ্রহণ না করা হয়।<br>iii. দপ্তর সংস্থার নিজেদের জমির সীমানা চিহ্নিত করতে হবে এবং নিয়মিত ভূমি উন্নয়ন কর প্রদান করতে হবে। | মহাপরিচালক বাপাউবো ও নগই |
| | (গ) মন্ত্রণালয়ের অফিস পরিদর্শন। | সভায় সচিবালয় নির্দেশমালা ২০২৪ অনুচ্ছেদ ১৯৪ অনুযায়ী মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা যার যার অধিক্ষেত্রে পরির্দশন করে প্রতিবেদন দাখিল করার বিষয়ে আলোচনা হয়। | **সচিবালয় নির্দেশমালা ২০২৪ অনুচ্ছেদ ১৯৪ অনুযায়ী অধিশাখা/শাখা পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন প্রশাসন-২ শাখার প্রেরণ করতে হবে।** | সকল কর্মকর্তা পাসম। |
| | (ঘ) কাবিটা নীতিমালা সংস্কার | কাবিটা খসড়া নীতিমালা আরো সংশোধনী আনয়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | কাবিটা খসড়া নীতিমালার সংশোধনী পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | মহাপরিচালক, বাপাউবো ও যুগ্মসচিব (পরিবীক্ষণ এ বাস্তবায়ন), পাসম। |
| | (ঙ) এ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের সমীক্ষা প্রকল্পসহ অন্যান্য কাজে নগইকে সম্পৃক্তকরণ | পানি সম্পদ মন্ত্রণালয়ের সংস্থা হিসেবে নদী গবেষণা ইনস্টিটিউটকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর সমীক্ষা কাজের Physical Modelling, PFS এর Implementation Modality: Methodology of conducting the study/ survey এর কাজে সম্পৃক্ত করার বিষয়ে অগ্রগতি নিয়ে আলোচনা হয়। | পানি সম্পদ মন্ত্রণালয়ের সংস্থা হিসেবে নদী গবেষণা ইনস্টিটিউটকে এ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের সমীক্ষা কাজের Physical Modelling, PFS এর Implementation Modality: Methodology of conducting the study/ survey এর কাজে সম্পৃক্ত করার বিষয়ে অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | মহাপরিচালক, বাপাউবো ও নগই |

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪-১০-২০২৫
মোঃ মোকাব্বির হোসেন
সিনিয়র সচিব
২২৩৩৫৬৭৭৩

২৯ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ১৪ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪২.০০.০০০০.০০০.০৩২.০৬.০০৬৪.১৭.৫৮৮

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সমন্বয় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ২০ অক্টোবর ২০২৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে দাখিলের অনুরোধসহ:**

১। প্রথম শ্রেণির কর্মকর্তা (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়।
২। সংস্থা প্রধান (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়।।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
৪। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পানি সম্পদ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।।
৫। প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়।
৬। অফিস কপি, ।

১৪-১০-২০২৫
আল-বশিরুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব